

FINCANTIERI MARGHERA SCIOPERO VENERDI' 28 MAGGIO 2010

Il COBAS degli appalti Fincantieri chiama allo sciopero i lavoratori immigrati ed italiani di Fincantieri, in particolare i lavoratori bengalesi della Rocx, Eurotecnica, Bensaldo e Sonda, ma anche di tutti gli appalti e subappalti,

NOVEMBER মাসে BENSALDO পক্ষ থেকে কিছু শ্রমিকদের TRASFERTA দিয়ে মনফালকোনে পাঠানো হয়েছিল। আমাদের মাঝে অনেকেই আছেন, যাদের বাসা বাড়ি মেট্রো, এবং এর মধ্যে অনেকেরই ফ্যামিলি মেট্রো। তাই প্রতিদিন কাজের জায়গায় ঠিক সময় (সকাল ৮.০০) পৌঁছানোর জন্য, ৫.৩০ এর ট্রেন ধরার জন্য, প্রতিদিন ঘুম থেকে উঠতে হতো ৪.৩০ মিনিটে। এবং কাজ শেষে বাসায় ফিরতে ফিরতে রাত ৮.০০/৯.০০ টা বেজে যেতো। কিন্তু দুঃখজনক বিষয়, ৫ মাস কাজ করার পর ও BENSALDO AND SONDA এর মালিক মোহাম্মদ আলী'র আইনে আছে, যে সমস্ত শ্রমিক TRASFERTA দিয়ে পাঠানো হয়েছিলো। ওদেরকে TRASFERTA T.F.R. STRAORDINARIO দেয়া যাবে না। কিন্তু মোহাম্মদ আলী মনে হয় জানেননা যে তিনি ইতালীতে বসবাস করিতেছেন। তাই আমরা উনাকে জানাতে চাই আমরা ইতালীর আইন অনুযায়ী আমাদের TRASFERTA T.F.R. STRAORDINARIO আদায় করব। আমরা এখন থেকে সরকারী আইন অনুযায়ী কাজ করব। BENSALDO এর মালিকের প্রতি বিশেষ অনুরোধ, যে সমস্ত শ্রমিকদের ১১/১২ মাসের কন্ট্রাক্ট করা হয়েছে, ওদেরকে অতি শিল্পি, কন্ট্রাক্ট ইনদিভারমিনাতো করা হোক, কারণ এইভাবে অনেকেই আছেন যারা ৫/৬ বছর ধরে কাজ করছেন। আমাদের মাঝে, অনেক অপেরাইও আছেন যারা আজ ৪/৫ বছর যাবত মলার কাজ করে যাচ্ছেন। কিন্তু দুঃখজনক বিষয়, ওদের কারো বেতন ই বাড়ানো হয়না। ওদের লিবেললো ও বাডেনা। ওরা প্রতি রাতে ৯/১০ ঘন্টা কাজ করে। ওরা মানসিক দিক থেকে অসুস্থ হয়ে আছে। ওদের মাঝ থেকে কেউ যদি দিনের কাজে আসতে চায়, তাহলে তাকে লিসেন্সা করে যেতে বলা হয়। এই অন্যায় প্রথা বন্ধ করতে হবে। বর্তমানে BENSALDO AND SONDA এর কাজ কম। এরই মাঝে BENSALDO AND SONDA এর মালিক আরেকটি নতুন দিগা খুলছেন। যার নাম SHIP BUILDING। যার মালিকানা তার স্ত্রী ও তার আত্মীয় স্বজন। এতে BENSALDO এর যত পুরানো শ্রমিক আছে ১১/১২ মাসের কন্ট্রাক্ট, ওদের কন্ট্রাক্ট শেষ হওয়ার পরে আর কন্ট্রাক্ট করা হবে না। কারণ BENSALDO বন্ধ করে দেওয়া হবে। আমাদের (প্রশ্ন) এত বছর কাজ করার পর, এই সমস্ত শ্রমিকগুলো কোথায় যাবে। এই অন্যায় প্রথা বন্ধ করতে হবে। আর কতদিন শ্রমিকদের নিয়ে এরকম খেলা চলবে।

যারা আমাদের মত এধরনের সমস্যায় ভুগছেন, তারা অতি শিল্পী মোঙ্গা-মোঙ্গা করুন।

SLAI Cobas per il sindacato di classe

Phone-334-3657064, wind 320 3583621

www.shromiksangathon.org